

বার্ষিক শিখর সম্মেলনের জন্য জাপান সফরে প্রধানমন্ত্রী (নভেম্বর ১১-১২, ২০১৬)

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি জাপানে একটি সরকারি সফর করবেন ১১-১২ নভেম্বর, ২০১৬। সফরকালে প্রধানমন্ত্রী মোদি সাক্ষাৎ করবেন মহামান্য জাপান সম্রাটের সঙ্গে এবং প্রধানমন্ত্রী শিনজো আবে'র সঙ্গে বার্ষিক শিখর বৈঠক করবেন।

এটি প্রধানমন্ত্রী মোদি এবং প্রধানমন্ত্রী আবে'র মধ্যে তৃতীয় বার্ষিক সম্মেলন। ২০১৪ সালের আগস্ট-সেপ্টেম্বরে প্রধানমন্ত্রী মোদির জাপান সফর ছিল প্রধানমন্ত্রী মোদির প্রথম ভারতের বাইরে ঘনিষ্ঠ প্রতিবেশি দেশে দ্বিপাক্ষিক সফর, যা দু'দেশের সম্পর্ককে 'বিশেষ কৌশলগত এবং বিশ্বজনীন অংশীদারিত্বে' উন্নীত করে। ২০১৫ সালের ডিসেম্বরে নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী মোদি এবং প্রধানমন্ত্রী আবে'র শেষ শিখর সম্মেলনে বিবেচ্য বিষয় ছিল— ইন্দো-প্যাসিফিক অঞ্চল এবং বিশ্বে শান্তি এবং সমৃদ্ধির জন্য যৌথ উদ্যোগে কাজ করার প্রসঙ্গ।

আসন্ন বার্ষিক শিখর সম্মেলনে দুই নেতা দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বিশ্বজনীন পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করবেন ভারত-জাপানের মধ্যে ব্যাপক এবং কার্যকর অংশীদারিত্বকে আরও মজবুত করার জন্য।

নয়াদিল্লি

অক্টোবর ২৮, ২০১৬